

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৬৬

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-হুজরাত

بَابُّ: وَمِنْ سُورَةِ الحُجُرَات

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا مُؤَمِّلُ بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا نَافِعُ بْنُ عُمَر بْنِ جَمِيلِ الْجُمَحِيُّ، حَدَّثِنِي ابْنُ أَبِي مُلَيْكَةَ، حَدَّثِنِي عَبْدُ اللَّهِ بْنُ الزُّبَيْرِ، أَنَّ الأَقْرَعَ بْنَ حَاسِ، قَدِمَ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ أَبُو بَكْرٍ يَا رَسُولَ اللَّهِ اسْتَعْمِلْهُ عَلَى قَوْمِهِ . فَقَالَ عُمَرُ لاَ تَسْتَعْمِلْهُ يَا رَسُولَ اللَّهِ . فَتَكَلَّمَا عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم حَتَّى ارْتَفَعَتْ عُمَرُ لاَ تَسْتَعْمِلْهُ يَا رَسُولَ اللَّهِ . فَتَكَلَّمَا عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم حَتَّى ارْتَفَعَتْ أَصُواتُهُمَا فَقَالَ أَبُو بَكْرٍ لِعُمَرَ مَا أَرَدْتَ إِلاَّ خِلاَفِي . فَقَالَ عُمَرُ مَا أَرَدْتُ خِلاَفَكَ قَالَ أَصُواتُهُمَا فَقَالَ أَبُو بَكْرٍ لِعُمَرَ مَا أَرَدْتَ إِلاَّ خِلاَفِي . فَقَالَ عُمَرُ مَا أَرَدْتُ خِلاَفِي الْتَعْمِلُهُ عَلَى الله عليه وسلم لَمْ يُسْمِعْ كَلاَمَهُ فَنَزَلَتْ هَذِهِ الآيَةُ : ( يا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لاَ تَرْفَعُوا أَصُواتَكُمْ فَوْقَ صَوْتِ النَّبِيِّ ) فَكَانَ عُمَرُ بْنُ الْخَطَّابِ بَعْدَ ذَلِكَ إِذَا تَكَلَّمَ عِنْدَ النَّبِيِ صلى الله عليه وسلم لَمْ يُسْمِعْ كَلاَمَهُ عُمَرُ بْنُ الْخَطَّابِ بَعْدَ ذَلِكَ إِذَا تَكَلَّمَ عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم لَمْ يُسْمِعْ كَلاَمَهُ حَتَّى يَسْتَفْهِمَهُ . قَالَ وَمَا ذَكَرَ ابْنُ الزُّبَيْرِ جَدَّهُ يَعْنِي أَبَا بَكْرٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . وَقَدْ رَوَى بَعْضُهُمْ عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ مُرْسَلُ وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ .

#### বাংলা

৩২৬৬. মুহাম্মাদ ইবন মুছান্না (রহঃ) ...... আবদুল্লাহ্ ইবন যুবায়র রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। আকরা' ইবন হাবিস রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এলেন। আবূ বকর রাদিয়াল্লাহু আনহু বললেনঃ ইয়া রাসূলাল্লাহ্! তাকে তার কাওমের প্রশাসক হিসাবে নিয়োগ করুন।

উমর রাদিয়াল্লাহু আনহু বললেনঃ ইয়া রাসূলাল্লাহ্! তাকে প্রশাসক নিয়োগ করবেন না। তারা উভয়ে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সামনে কথা কাটাকাটি করতে শুরু করেন। এমনকি তাদের আওয়াজ উচ্চ হয়ে পড়ে। আবূ বকর রাদিয়াল্লাহু আনহু উমর রাদিয়াল্লাহু আনহু-কে বললেন, আমার বিরোধিতা ছাড়া আপনি অন্য কিছু চাচ্ছেন না। উমর রাদিয়াল্লাহু আনহু বললেন, আমি আপনার বিরোধিতা করতে চাই না। রাবী বলেন, তখন এই আয়াত নাথিল হয়ঃ



## يا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لاَ تَرْفَعُوا أَصْوَاتَكُمْ فَوْقَ صَوْتِ النَّبِيّ

হে মু'মিনগণ, তোমরা নবীর কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠস্বর উঁচু করবে না (সূরা হুজুরাত ৪৯ঃ ২)।

রাবী বলেন, এরপর থেকে উমর রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে যখন কথা বলতেন তখন এত নিম্নস্বরে কথা বলতেন যে, পুনঃ জিজ্ঞাসা না করা পর্যন্ত তাঁর আওয়াজ শুনা যেত না।

সহীহ, বুখারি ৪৮৪৫, ৪৮৪৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৬৬ [আল মাদানী প্রকাশনী]

বর্ণনাকারী বলেন, ইবন যুবায়র তাঁর মাতামহ আবূ বকর রাদিয়াল্লাহু আনহু-এর আচরণ সম্পর্কে এতে কিছু উল্লেখ করেননি।

হাদীসটি গারীব-হাসান। কোন কোন রাবী এটিকে ইবন আবী মুলায়কা (রহঃ) এর বরাতে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন। সনদে আবদুল্লাহ্ ইবন যুবায়র রাদিয়াল্লাহু আনহু-এর নাম তারা উল্লেখ করেননি।

### **English**

Narrated 'Abdullah bin Az-Zubair:

"Al-Aqra' bin Habis arrived to meet the Prophet ()" - he said - "so Abu Bakr said: 'O Messenger of Allah! Appoint him over his people.' 'Umar said: 'Do not appoint him O Messenger of Allah!' They continued talking before the Prophet () until they raised their voices. Abu Bakr said to 'Umar: 'You only wanted to contradict me.' So ['Umar] said: 'I did not want to contradict you.'" He said: "So this Ayah was revealed: 'O you who believe! Do not raise your voices above the voice of the Prophet (49:2).'" He said: "After that, when 'Umar spoke before the Prophet (), his speech could not be heard until he told him he could not understand him." He (one of the narrators) said: "And Ibn Az-Zubair did not mention his grandfather" meaning Abu Bakr.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু-যুবায়র (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন